

নূতন পাঠক্রম

ত্রিস্তরীয়

২০১৬

বাংলা

(সাধারণ)

তৃতীয় পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৩ ঘন্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

বিভাগ — ক

১। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৫×১৫

(ক) 'মেঘদূত' প্রবন্ধে প্রাবন্ধিক রবীন্দ্রনাথকে আবৃত করে দিয়েছেন 'কবি'

রবীন্দ্রনাথ— এ মস্তব্য কতখানি যুক্তিযুক্ত সে বিষয়ে আলোচনা করো।

(Turn Over)

- (খ) “ক্রাইভ স্ট্রীটে চাঁদ” প্রবন্ধের প্রাবন্ধিক নৈমিত্তিক নাগরিক জীবনে পিষ্ট এক রোমান্টিক সত্তা— মন্তব্যটি আলোচনা করো।
- (গ) ‘শান্তি’ গল্প অবলম্বনে চন্দ্রা চরিত্রের বৈশিষ্ট্য আলোচনা করো।
- (ঘ) তারাশংকরের ‘জলসাঘর’ গল্পে বিলীয়মান সামন্ততন্ত্রের আভিজাত্য যে শিল্পরূপ লাভ করেছে তার পরিচয় দাও।
- (ঙ) ‘ছিন্নমস্তা’ গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।
- (চ) ‘কপাল কুণ্ডলা’ উপন্যাসে মতিবিবি চরিত্রটি উপন্যাসের শিল্প সার্থকতার ক্ষেত্রে কতখানি ভূমিকা নিয়েছে তা আলোচনা করো।
- (ছ) ‘পণ্ডিত মশাই’ উপন্যাস অবলম্বনে কুসুম চরিত্রটি বিশ্লেষণ করো।
- (জ) ‘পথের পাঁচালী’ উপন্যাসের অপু চরিত্রে লেখকের ব্যক্তি জীবন কিভাবে কতখানি প্রতিফলিত হয়েছে— তার পরিচয় দাও।

বিভাগ — খ

২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৩×৫

(ক) 'সভ্যতা' ও 'সংস্কৃতি' শব্দ দুটির পারস্পরিক সম্পর্ক বিষয়ে লেখকের বক্তব্য লেখো।

(খ) 'কচি সংসদ' গল্পের কেউ চরিত্রের পোষাক-পরিচ্ছদ ও চেহারার পরিচয় দাও।

(গ) "তুমি অধম তাই বলিয়া আমি উত্তম না হইব কেন?"

কে, কেন, কোন প্রসঙ্গে এ উক্তি করেছে?

(ঘ) "পণ্ডিতমশাই" উপন্যাসে 'চরণ' শিশু চরিত্র হিসেবে কতখানি লক্ষণীয় হয়ে উঠেছে তার পরিচয় দাও।

(ঙ) 'পথের পাঁচালী' উপন্যাসের কয়টি অংশ? অংশগুলির নাম লেখো। এ ধরনের নাম ব্যবহারে লেখকের কোনো স্বতন্ত্র পরিচয় পাওয়া যায় কি?